

নাগেশ্বরীতে ভুল প্রশ্নে ২৩৫ শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ

কুড়িগ্রাম প্রতিদিন

চলতি এস.এস.সি পরীক্ষায় নাগেশ্বরী-ডি (দয়ানগরী পাইলট একাডেমি) কেন্দ্র কর্তৃপক্ষের ভুলে ২৩৫ শিক্ষার্থীর ভুল প্রশ্নে পরীক্ষা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে ওই কেন্দ্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মাঝে উদ্বেগের সৃষ্টি হয়েছে। জনা যায়, হরআলের কারণে ২৪ ফেব্রুয়ারি রুসায়ন বিজ্ঞান বিষয়ের পরীক্ষা উচ্চকার অনুষ্ঠিত হয়। এতে উপজেলার বিভিন্ন বিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগের ২৩৫ জন পরীক্ষার্থী নাগেশ্বরী-ডি কেন্দ্র (দয়ানগরী পাইলট একাডেমি) অংশগ্রহণ করে। 'খ' সেক্টর প্রশ্নে নিয়ে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও কর্তৃপক্ষ ভুলবশত 'ক' সেক্টর প্রশ্নে নিয়ে পরীক্ষা নেয়। পাশাপাশি দুটি কেন্দ্র নাগেশ্বরী-ডি এবং নাগেশ্বরী-ডি হওয়ার পরীক্ষা শেষে শিক্ষার্থীরা প্রশ্ন মিলতে গেলে এ বিষয়টি ধরা পড়ে। জাংকশিকভাবে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা ওই কেন্দ্র সচিবের সঙ্গে যোগাযোগ করলে তিনি এতে আশঙ্কার কিছু নেই বলে জানিয়েছেন। কেন্দ্র সচিব ও নাগেশ্বরী দয়ানগরী পাইলট একাডেমির প্রধান শিক্ষক ফে.এম. আনিছুর রহমান জানান, ট্রাকে থেকে প্রশ্ন বের করার সময় এ ভুলটি হয়েছে। তবে বিষয়টি নিয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে কথা হয়েছে। তারা বলেছেন কোনো সমস্যা হবে না। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোস্তাফিজুর রহমান বলেন, পরীক্ষা শেষ হওয়ার পর বিষয়টি নজরে আসলে জাংকশিকভাবে তা পরীক্ষা নিয়ন্ত্রককে জানানো হয়েছে।